



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

কর্মসূচি সমাপ্তি প্রতিবেদন (PCR)

নিম্ন উৎপাদনশীল ধানের জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষণ কর্মসূচি  
(২০১৭-২০২০)



বীজ প্রত্যয়ন এজেন্সী  
গাজীপুর-১৭০১

জুন ২০২০

### কর্মসূচির সমাপ্তির প্রতিবেদন (পিসিআর)

১. কর্মসূচির নাম : নিম্ন উৎপাদনশীল ধানের জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষণ কর্মসূচি।
২. মন্ত্রণালয়ের নাম : কৃষি মন্ত্রণালয়।
৩. বাস্তবায়নকারী সংস্থা : বীজ প্রত্যয়ন এজেন্সি।
৪. কর্মসূচির এলাকা : ৭টি আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিস ও ৬৪টি জেলা বীজ প্রত্যয়ন অফিসের আওতাধীন।
৫. কর্মসূচির উদ্দেশ্য :

১. ছাড়কৃত নিম্ন উৎপাদনশীল তথা নিম্ন উপযোগীতা সম্পন্ন ধানের জাত প্রত্যাহার (Denotification) কার্যক্রম গ্রহণ ও জাতীয় বীজ বোর্ডে সুপারিশকরণ।
২. জাত মূল্যায়ন কার্যক্রম ভিসিইউ টেস্ট (VCU Test = Value For Cultivation and Uses) শক্তিশালীকরণ।
৩. জাতের চরিত্রগত বৈশিষ্ট্য ও গুণাবলীর 'Descriptor' প্রভুতির জন্য ডিইউএস টেস্ট (DUS Test= Distinctness, Uniformity and Stability) কার্যক্রমের সক্ষমতা বাড়ানো।
৪. দেশে বর্তমানে চাষকৃত বীজ ফসলের কৌলিক বিশুদ্ধতা যাচাইয়ের জন্য Pre post Control & Grow out Test কার্যক্রম জোরদারকরণ।
৫. ডিএনএ ফিঙ্গার প্রিন্টিং পরীক্ষা কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি করা।

৬. কর্মসূচির প্রাক্কলিত ব্যয় : ৩৯০.৬৪ লক্ষ (তিন কোটি নব্বই লক্ষ চৌষাট হাজার) টাকা।
৭. অনুমোদনের তারিখ : ০৯/০৪/২০১৮ খ্রি:।
৮. কর্মসূচির বাস্তবায়নকাল : এপ্রিল/২০১৮ (২০১৭-১৮) হতে জুন/২০২০ খ্রি: পর্যন্ত।

পিসি মোতাবেক বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিরিক্ত ব্যয় (মূল ব্যয়ের %)	মন্তব্য
প্রাথমিক	সর্বশেষ সংশোধিত			
এপ্রিল/২০১৮ (২০১৭-১৮) হতে জুন/২০২০ খ্রি: পর্যন্ত।	এপ্রিল/২০১৮ (২০১৭-১৮) হতে জুন/২০২০ খ্রি: পর্যন্ত।	এপ্রিল/২০১৮ (২০১৭-১৮) হতে জুন/২০২০ খ্রি: পর্যন্ত।	প্রযোজ্য নয়	-

৯. কর্মসূচির ব্যয় (লক্ষ টাকায়):

বিবরণ	প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অতিরিক্ত ব্যয় (মূল ব্যয়ের %)	মন্তব্য
	প্রাথমিক	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪		৫
মোট	৩৯০.৬৪	৩৯০.৬৪	৩৬৬.৩৩৯৩০	প্রযোজ্য নয়	
টাকা	৩৯০.৬৪	৩৯০.৬৪	৩৬৬.৩৩৯৩০	প্রযোজ্য নয়	

*০*

গ. আর্থিক ও ভৌত অগ্রগতি :

১০. কম্পোনেন্ট ভিত্তিক অগ্রগতি (সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুসারে):

অর্থনৈতিক কোড	কাজের বিবরণ (ডিপিপি অনুসারে)	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুসারে)		প্রকৃত অগ্রগতি		পার্থক্যের কারণ
		আর্থিক (লক্ষ টাকা)	ভৌত (পরিমাণ)	আর্থিক (লক্ষ টাকা)	ভৌত (পরিমাণ)	
ক) রাজস্ব ব্যয়						
৪৮০০	সরবরাহ ও সেবা					
৪৮৪০ (১৭-১৮)/৩২৩১৩০১ (১৮-১৯)	প্রশিক্ষণ ব্যয়	২৫.০০	২৫ ব্যাচ	২৫.০০	১০০%	-
৪৮৫২ (১৭-১৮)/৩২৫৬১০২ (১৮-১৯)	রাসায়নিক দ্রব্যাদি ক্রয়	১১.১৪	-	১১.১২২৬০	১০০%	-
৪৮৫৮ (১৭-১৮)/৩২৫১১০৯ (১৮-১৯)	বীজ ও উদ্ভিদ (ট্রায়াল স্থাপনের জন্য)	৪.৫০	২৪০০ কেজি প্রায়	৪.৪৯৫০৫	১০০%	-
৪৮৮৫ (১৭-১৮)/৩২২১১০৫ (১৮-১৯)	টেক্টিং ফিস (ট্রায়াল খরচ ইত্যাদি)	৬০.০০	-	৫৯.৯৯৮৭৫	১০০%	-
		মোট=	১০০.৬৪	১০০.৬১৬৪০		-
		মোট রাজস্ব=	১০০.৬৪	১০০.৬১৬৪০		-
খ) মূলধন ব্যয়						
৬৮০০	সম্পদ সংগ্রহ/ক্রয়					
৬৮১৩ (১৭-১৮)/৪১১২৩০৬ (১৮-১৯)	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	১৭২.০০	৪৩টি	১৪৯.২৯৩০০	১০০%	-
৬৮২১ (১৭-১৮)/৪১১২৩০৬ (১৮-১৯)	আসবাবপত্র (বীজ নমুনা জাতওয়ারী সংরক্ষণের জন্য বেক তৈরি)	১২.০০	২৩টি	১১.৮০০০০	১০০%	-
৬৮২৭ (১৭-১৮)/৪১১২৩০৩ (১৮-১৯)	বৈদ্যুতিক সরঞ্জামাদি	৬.০০	-	৫.৯৯৯৯০	১০০%	-
		মোট=	১৯০.০০	১৬৭.০৯২৯০		-
৭০০০	নির্মান ও পূর্ত					
৭০১৬ (১৭-১৮)/৪১১১২০১ (১৮-১৯)	২য় তলায় রুম তৈরি	২৫.৪১	২টি	২৪.৮৩০০০	১০০%	-
	Compact cooler এর মাধ্যমে কুলিং রুম প্রতিষ্ঠাকরণ এবং Cool Room এ heavy duty dehumidifier স্থাপন	৭৪.৫৯	১টি	৭৩.৮০০০০	১০০%	-
		মোট মূলধন=	১০০.০০	৯৮.৬৩০০০		-
		সর্বমোট (রাজস্ব+মূলধন) ব্যয়	৩৯০.৬৪	৩৬৬.৩৩৯৩০		-

*Handwritten signature*

১১. কর্মসূচির পরিচালক সম্পর্কিত তথ্যাদি:

বেতন স্কেলসহ নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	একাধিক কর্মসূচির জন্য দায়িত্ব প্রাপ্ত কিনা	তারিখ		মন্তব্য
				যোগদানের	সমাপ্তির	
১	২	৩	৪	৫	৬	৭
রওশন আরা বেগম অতিরিক্ত উপপরিচালক (সীড রেগুলেশন ও মাননিয়ন্ত্রণ) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১। ফ্রোড: ৬ষ্ঠ (৩৫৫০০/- - ৬৭০১০/-)	পূর্ণকালীন অতিরিক্ত দায়িত্ব		না	১৪.০৫.২০১৮	৩০.০৬.২০২০	

১২. পণ্য. কার্য ও পরামর্শক সেবা ক্রয়: প্রযোজ্য নয়।

বিড ডকুমেন্ট অনুযায়ী ক্রয়ের বিবরণ (পণ্য/কার্য)		দরপত্র/প্রস্তাবের ব্যয় (কোটি টাকায়)		দরপত্র/বিড/প্রস্তাব		কার্য/সেবা এবং পণ্য সরবরাহ সমাপ্তির তারিখ	
অর্থ বছর	টেন্ডার/কোটেসন	ডিপিপি অনুযায়ী	চুক্তিকৃত মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১৭-১৮	১টি টেন্ডার (যন্ত্রপাতি ও সরঞ্জামাদি)	০.৮০	০.৬৬০৫	১১/৬/২০১৮	২১/৬/২০১৮	২৪/৬/২০১৮	২৪/৬/২০১৮
	১টি কোটেসন (রাসায়নিক)	০.০৩৭১	০.০৩১৪৩৭৫	৪/৬/২০১৮	১২/৬/১৮	২০/৬/২০১৮	২০/৬/২০১৮
	১টি কোটেসন (সোলার পেনেল)	০.০১৬০	০.০১৫০	৪/৬/২০১৮	১১/৬/২০১৮	২১/৬/২০১৮	২৫/৬/২০১৮
২০১৮-১৯	১টি টেন্ডার (কুলিং রুম নির্মাণ)	০.২৫৪১	০.২৪৮৩	৯/০১/২০১৯	২৬/২/২০১৯	৩০/৬/২০১৯	৩০/৬/২০১৯
	১টি টেন্ডার (Cool Room, heavy duty dehumidifier স্থাপন)	০.৭৪৫৯	০.৭৩৮০	০২/৫/২০১৯	২৮/৫/২০১৯	৩০/৬/২০১৯	৩০/৬/২০১৯
	১টি টেন্ডার (যন্ত্রপাতি ও সরঞ্জামাদি)	০.৮৯৪৪	০.৭১৭৮৮০	১৬/৪/২০১৯	২৮/৪/২০১৯	২৪/৬/২০১৯	১৩/৬/২০১৯

২০১৯-২০	১টি কোটেশন (রাসায়নিক)	০.০৩২৬৯	০.০৩২৬১৬০	২৪/০১/২০১৯	২৫/২/২০১৯	৯/৩/২০১৯	৩/৩/২০১৯
	১টি কোটেশন (বৈদ্যুতিক)	০.০১২৫	০.০১২৪৯৯০	২৩/৪/২০১৯	১৬/৫/২০১৯	২৪/৫/২০১৯	২০/৫/২০১৯
	১টি কোটেশন (রেক)	০.০৬	০.০২৯৬২৫০	১০/১২/২০১৯	২২/১২/২০১৯	৩/০১/২০২০	৩০/১২/২০১৯
	১টি কোটেশন (রাসায়নিক)	০.০১	০.০০৯৯৩৯০	২৩/৯/২০১৯	৬/১০/২০১৯	১৫/১০/২০১৯	১৫/১০/২০১৯
	১টি কোটেশন (রাসায়নিক)	০.০১৮৩২২	০.০১৮৩২২০	১৫/৩/২০২০	২৩/৩/২০২০	১৬/৩/২০২০	১৬/৩/২০২০

১৩. অর্জন:

(ডিপিপি অনুসারে উদ্দেশ্য)	প্রকৃত অর্জন	কমতির কারণ (যদি থাকে)
১। ছাড়কৃত নিম্ন উৎপাদনশীল তথা নিম্ন উপযোগিতা সম্পন্ন ধানের জাত প্রত্যাহার কার্যক্রম গ্রহণ ও জাতীয় বীজ বোর্ডে সুপারিশকরণ	ধানের হাইব্রিড ও ইনব্রিড জাতের আউশ, আমন ও বোরো মৌসুমে যথাক্রমে আউশ ৯ টি, আমন ২০ টি ও বোরো ২০ টি জাতের মৌসুম ও অঞ্চল ভিত্তিক ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। ফলাফল প্রতিবেদনের 'স্টেবিলিটি এনালাইসিস' সম্পন্ন পূর্বক প্রত্যাহারের উপযোগী মোট প্রায় ২০টি (বিইউ ধান ২, বাউ ধান ১, বিনাশাইল, বিনা ধান ৮, বিনা ধান ১২, বিআর১০, বিআর২০, বিআর ২১, বিআর ২৩, বিআর ২৫, ব্রি ধান ৩৭, ব্রি ধান৪২, ব্রি ধান ৪৩, ব্রি ধান ৫৫, ব্রি ধান ৬২, ব্রি হাইব্রিড ধান ১, ব্রি হাইব্রিড ধান ২, বিএডিসি হাইব্রিড ধান ৪, হীরা ১০, জেএফ-৩১) জাত কারিগরি কমিটির মাধ্যমে জাতীয় বীজ বোর্ডে উপস্থাপনের প্রক্রিয়ায় রয়েছে। নিম্ন উপযোগী ধানের জাত প্রত্যাহার কার্যক্রম এর গুরুত্ব, কর্মকৌশল, ট্রায়াল বাস্তবায়ন, তথ্য সংগ্রহ এবং জাত পরীক্ষার বিষয়ে বীজ প্রত্যয়ন এজেন্সির মাঠ পর্যায়ের কর্মকর্তাসহ, গবেষণা প্রতিষ্ঠান ও বিএডিসি'র কর্মকর্তাগণকে ২৫টি ব্যাচের মাধ্যমে ৭৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর ফলে নিম্ন উৎপাদনশীল জাত প্রত্যাহারের ব্যাপারে সচেতনতার সৃষ্টি হয়েছে।	
২। জাত মূল্যায়ন কার্যক্রম ভিসিইউ টেস্ট (VCU Test=Value for Cultivation and Uses) শক্তিশালীকরণ।	UPOV(The International Union for the Protection of New Varieties of Plants) গাইডলাইন মোতাবেক এনএসবি অনুমোদিত ভিসিইউ টেস্ট এর মাধ্যমে জাত মূল্যায়ন কার্যক্রম উন্নয়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি যথা : Analytical Balance, Grain and seed moisture meter, Digital slide caliper,Scale ,Measuring tape মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়েছে। ফলে মাঠে ট্রায়ালকৃত জাতগুলোর বিভিন্ন তথ্যাদি সঠিকভাবে নেওয়া সহজ হয়েছে। বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রতিকূল পরিবেশে চাষ উপযোগী জাতগুলোর এলাকা ভিত্তিক (খেরা, বন্যা, লবণাক্ততা ও জলাবদ্ধতা) সঠিক পরীক্ষণের মাধ্যমে কৃষকের জন্য লাভজনক জাতের ছাড়করণের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। সেইসাথে বিদ্যমান জাতগুলোর রোগবাহাইয়ের প্রতি আক্রমণ প্রবণতা ও ফলন হ্রাসের বিষয়টি যাচাই করা সম্ভব হয়েছে। কর্মসূচি চলাকালীন সময়ে আউশ, আমন ও বোরো মৌসুমে মোট ৫১টি ধান জাতের ভিসিইউ টেস্ট সম্পন্ন করা হয়েছে।	

০

<p>৩। জাতের চরিত্রগত বৈশিষ্ট্য ও গুণাবলীর 'Descriptor' প্রস্তুতির জন্য ডিইউএস টেস্ট (DUS Test= Distinctness, Uniformity and Stability) কার্যক্রমের সক্ষমতা বাড়াও।</p>	<p>UPOV(The International Union for the Protection of New Varieties of Plants) গাইডলাইন মোতাবেক এনএসবি অনুমোদিত ডিইউএস টেস্ট এর কলাকৌশল উন্নয়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি যথা : Oven, Stereo Microscope Spectrophotometer, Chromameter, Grain and seed moisture meter, Digital slide caliper, ক্রয় করা হয়েছে। ফলে প্রচলিত জাত ও নতুন উদ্ভাবিত জাতগুলোর মধ্যে স্বাতন্ত্র্যতা, সুসমতা ও বাহ্যিক বৈশিষ্ট্যের স্থায়িত্ব নিরোপন করা সহজ হয়েছে। Cooling Room with Compact cooler (Walking type) ডিইউমিডিফাইড কোল্ড স্টোরেজ নির্মাণ সম্পন্ন হয়েছে। এর মাধ্যমে ০-৫ ডিগ্রি তাপমাত্রায়, ২০-৪০% আপেক্ষিক আদ্রতায় ১৫-২০ বছরের জন্য বীজ সংরক্ষণ করা সম্ভব হবে। ফলে এ পর্যন্ত নতুন ছাড়কৃত এবং রেজিস্ট্রেশন প্রাপ্ত ইনব্রিড ও হাইব্রিড ধানের জাত সমূহের বীজ নমুনা সংরক্ষণ, বিভিন্ন ফসলের DUS test ও Grow out test এর বীজ নমুনা সংরক্ষণ করার সক্ষমতা অর্জন করেছে। কর্মসূচি চলাকালীন সময়ে আউশ, আমন ও বোরো মৌসুমে প্রতি বছর মোট ৪৯টি ধানের লাইন/জাতের ডিইউএস টেস্ট সম্পন্ন করা হয়েছে।</p>	
<p>৪। দেশে বর্তমানে চাষকৃত বীজ ফসলের কৌলিক বিশুদ্ধতা যাচাইয়ের জন্য Pre post Control &amp; Grow out Test কার্যক্রম</p>	<p>জাতের কৌলিক বিশুদ্ধতা কেবলমাত্র মাঠে গ্রো আউট টেস্টের মাধ্যমেই জানা যায়। ফলে জাতের সঠিকতা, বীজ গুণে বিভিন্ন জাতের মিশ্রণ সনাক্ত করা এসব গুরুত্বপূর্ণ পদক্ষেপের মাধ্যমে এবং নিম্নমানের বীজ লট চিহ্নিত করার মাধ্যমে সরকারি বেসরকারি বীজ কোম্পানী/প্রতিষ্ঠানকে সচেতন/ সতর্ক করা সম্ভব হয়েছে। কর্মসূচি চলাকালীন সময়ে আউশ, আমন ও বোরো মৌসুমে মোট ৩৫৫৫টি ধান জাতের লটের প্রিপোস্ট কন্ট্রোল ও গ্রোআউট টেস্ট সম্পন্ন করা হয়েছে।</p>	
<p>৫। ডিএনএ ফিঞ্জার প্রিন্টিং পরীক্ষা কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি করা।</p>	<p>ডিএনএ ফিঞ্জার প্রিন্টিং কার্যক্রম জোরদারকরণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি যথা:- pH meter, EC meter, PCR Machine Laboratory refrigerator, Gel Documentation System, Vertical Gel Electrophoresis system, Top Loading Balance (Precision Balance), Laboratory refrigerator, Laboratory Thermometer, UPS (10 KVA) এবং প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করা হয়েছে। এর ফলে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত জাতগুলোর মধ্যে জাত পার্থক্য নিরূপন এবং একই জাতের পুনরাবৃত্তি রোধ করা সম্ভব। এ ছাড়া প্রতিকূল সহনশীল জাতের সনাক্তকরণের মাধ্যমে জনাবদ্ধতা, খড়া, লবনাক্ততা সহনশীল জাতগুলোর সঠিকতা নিরূপন করার সক্ষমতা সৃষ্টি হয়েছে।</p>	

৫/১১/০২

১৪. বার্ষিক আউট পুট: প্রযোজ্য নয়।

আউটপুটের আইটেম	একক	প্রাক্কলিত প্রত্যাশিত পরিমাণ (পূর্ণ ক্ষমতার সময়)	পূর্ণ ক্ষমতার কাজ শুরু হওয়ার ১ম বছরে আউটপুটের প্রকৃত পরিমাণ (বা, নতুনভাবে শেষ হওয়ার কর্মসূচির ক্ষেত্রে প্রকৃত উৎপাদনকালে)
১	২	৩	৪

১৫. ব্যয়- সুবিধা: প্রযোজ্য নয়।

১৬. প্রাক্কলিত এবং প্রকৃত উপকারের মধ্যে কোন ঘাটতি থাকলে তা উল্লেখ করুন: প্রযোজ্য নয়।

১৭. পরিবীক্ষন:

(ক) মন্ত্রণালয় :

নাম ও পদবী	পরিদর্শনের তারিখ	সনাক্তকৃত সমস্যা/ত্রুটি	সুপারিশ
১	২	৩	৪
১। শাহনাজ আক্তার কৃষি অর্থনীতিবিদ।	তারিখ: ০১/০২/২০১৯	-	সন্তোষজনক
২। মো: আবুল বাসার উপসচিব, গবেষণা-৩	-	-	-

(খ) সংস্থা: পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি কর্তৃক গঠিত অভ্যন্তরীণ মনিটরিং কমিটি:

ক্র:নং	নাম	পদবী ও কর্মস্থল	কমিটি/ অবস্থান
১	আহমেদ শাফী	উপ পরিচালক (পরিচালনা, বাস্তবায়ন ও মূল্যায়ন), বীজ প্রত্যয়ন	সভাপতি, মনিটরিং
২	হাফছা খাতুন	অতিরিক্ত উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বীজ প্রত্যয়ন এজেন্সি,	সদস্য, মনিটরিং
৩	রেবেকা পারভীন	নমুনা সংগ্রহ অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর	সদস্য, মনিটরিং কমিটি

১৮. বাস্তবায়নের সময়ে ও বাস্তবায়নের পরে নিরীক্ষা সংক্রান্ত:

১৮.১. অভ্যন্তরীণ নিরীক্ষা: প্রযোজ্য নয়।

নিরীক্ষার সময়	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	প্রাপ্ত তথ্যসমূহ/আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তি করা হয়েছে কিনা
১	২	৩	৪

০.১৫/১০/১৯

১৮.২. বাহ্যিক নিরীক্ষা:

নিরীক্ষায় সময়	নিরীক্ষা প্রতিবেদন দাখিলের তারিখ	প্রাপ্ত তথ্যসমূহ/আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তি করা হয়েছে কিনা
২০১৭-১৮	২৪.০৪.২০১৯	নির্ধারিত হারের চেয়ে কম হারে আয়কর কর্তন করায় সরকারের ১৯,৭৭৮/- টাকা রাজস্ব ক্ষতি।	ট্রেজারি চালানের মাধ্যমে আয়কর জমা দেওয়া হয়েছে। আপত্তিটি চূড়ান্ত নিষ্পত্তির প্রক্রিয়ায় আছে।
		বিধি-বহির্ভূত ভাবে নির্দিষ্ট উৎস দেশের নাম (country of origin) উল্লেখপূর্বক কোটেশন আহ্বান করে পণ্য ক্রয় করায় সরকারের ৩,১৪,৩৭৫/- টাকা আর্থিক ক্ষতি।	সন্তোষজনক জবাব প্রদান করা হয়েছে। আপত্তিটি চূড়ান্ত নিষ্পত্তির প্রক্রিয়ায় আছে।
		আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসারের প্রত্যয়ন/প্রতিশ্রুতির ব্যতীত টেস্টিং ফিস বাবদ ২,৭০,০০০/-টাকা অনিয়মিত ভাবে পরিশোধ করায়	প্রতিশ্রুতির গ্রহণ পূর্বক জবাব প্রদান করা হয়েছে। আপত্তিটি চূড়ান্ত নিষ্পত্তির প্রক্রিয়ায় আছে।
২০১৮-১৯	-	নিরীক্ষা সম্পন্ন হয়েছে	আইআর রিপোর্ট পাওয়া যায়নি
২০১৯-২০২০	-	-	নিরীক্ষণ সম্পন্ন হয়নি

১৯. কর্মসূচির বাস্তবায়নের অবস্থা ও ফলাফল বিশ্লেষণ:

১৯.১. কর্মসূচি প্রভাব:

প্রত্যক্ষ প্রভাব: কৃষকের মাঠ পর্যায়ে নিম্ন উৎপাদনশীল জাতগুলোর পরীক্ষামূলক ট্রায়াল বাস্তবায়নের মাধ্যমে কৃষকরা সরেজমিনে কম ফলনশীল জাতের ফলন পর্যবেক্ষণ করেছে এবং পুরাতন জাতের পরিবর্তে উচ্চফলনশীল, পরিবেশ উপযোগী ধান চাষে উদ্বুদ্ধ হয়েছে। সচেতনতা বৃদ্ধি পেয়েছে। নিম্ন উপযোগী ধানের জাত প্রত্যাহারের উদ্দেশ্যে, গুরুত্ব ও কার্যক্রম সম্পর্কে সারা দেশে ২৫টি ব্যাচের মাধ্যমে বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান এর মোট ৭৫০জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পুরাতন নিম্নফলনশীল জাতের পরিবর্তে আধুনিক জাতের চাষাবাদ বৃদ্ধিতে সচেতনতা বেড়েছে।

কর্মসূচির মাধ্যমে ক্রয়কৃত আধুনিক যন্ত্রপাতি ব্যবহারে বিদ্যমান 'ডিইউএস টেস্ট' ও 'ভিসিইউ টেস্ট' এর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও রাসায়নিক সরবরাহের ফলে ডিএনএ ফিঞ্জার প্রিন্টিং ল্যাবরেটরীর সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এতে বিদ্যমান ইনব্রিড ও হাইব্রিড জাতের জিনগত পার্থক্য নিরূপণ সহজ হয়েছে এবং একই জাতের পুনরাবৃত্তি রোধ করা সম্ভব হয়েছে। নিম্ন উপযোগী ধানের জাত প্রত্যাহারের ফলে গবেষণা প্রতিষ্ঠানের চাপ কমে যাওয়ায় সাম্প্রতিক উচ্চফলনশীল জাতগুলোর 'মেইনটেইনেন্স' দক্ষতা বৃদ্ধি পাবে এবং প্রজনন বীজের গুণগত মান বৃদ্ধি পাবে। বীজ প্রত্যয়ন এজেন্সির জাত পরীক্ষা কর্মকর্তাদের জন্য অত্যন্ত জরুরী একটি ডিহিউমিডিফাইড কোল্ড স্টোরেজ নির্মাণের ফলে বীজ প্রত্যয়ন এজেন্সি এ পর্যন্ত ছাড়কৃত ও নিবন্ধিত ধানের সকল জাতের বীজ নমুনা সংরক্ষণ করার সক্ষমতা অর্জন করেছে। এছাড়া নোটিফাইড ফসলের বীজমানের নিশ্চয়তার জন্য বিভিন্ন ট্রায়াল পরীক্ষার বীজ নমুনা সংরক্ষণ ও সহজ হয়েছে। জাতের কৌলিক বিশুদ্ধতা যাচাই সহজ হওয়ায় নিম্নমানের বীজলট চিহ্নিত করা সম্ভব হয়েছে। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল খামারের বিভিন্ন পরীক্ষা ট্রায়ালের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

পরোক্ষ প্রভাব: কৃষক সরেজমিনে নিম্ন উৎপাদনশীল জাতের ফলন প্রত্যক্ষ করায় আগামীদিনে আধুনিক উচ্চফলনশীল ধানের জাত চাষাবাদে উদ্বুদ্ধ হবে। ফলে এটি সামগ্রিক ফসল উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করবে যা কৃষক কৃষানীর আর্থসামাজিক উন্নয়নে ও অবদান রাখবে।

*Signature*



১৯.২ **Transfer of Technology and Institutional Building through the project:** বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ও বীজ উৎপাদনকারি সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণের ফলে ধানের জাত সনাক্তকরণ, জাতের মিশ্রণ, জাতের কৌলিক বিশুদ্ধতা, নতুন জাত ছাড়করণ প্রক্রিয়ায় ডিইউএস টেস্ট ও ভিসিইউ টেস্ট, বীজ নীতি, বীজ আইন ও বীজ বিধিমালা ইত্যাদি বিষয়ে সম্যক জ্ঞান অর্জন করেছে। যা মানসম্পন্ন বীজ উৎপাদনে মাঠ পর্যায়ের কর্মকাণ্ডে সহায়তা করেছে। সীড রেগুলেটরী বডি হিসেবে একমাত্র সরকারি প্রতিষ্ঠান বীজ প্রত্যয়ন এজেন্সির কাজের গুরুত্ব বেড়েছে। Cooling Room with Compact cooler (Walking type) ডিহিউমিডিফাইড কোল্ড স্টোরেজ নির্মাণ সম্পন্ন হয়েছে। এর মাধ্যমে ০-৫ ডিগ্রি তাপমাত্রায়, ২০-৪০% আপেক্ষিক আদ্রতায় ১৫-২০ বছরের জন্য বীজ সংরক্ষণ করা সম্ভব হবে। ফলে এ পর্যন্ত নতুন ছাড়কৃত এবং রেজিস্ট্রেশন প্রাপ্ত ইনব্রিড ও হাইব্রিড ধানের জাত সমূহের বীজ নমুনা সংরক্ষণ, বিভিন্ন ফসলের DUS test ও Grow out test এর বীজ নমুনা সংরক্ষণ করার সক্ষমতা অর্জন করেছে।

১৯.৩ **Employment generation through the project:** এ কর্মসূচিতে কোন জনবলের সংস্থান ছিল না। তবে কর্মসূচি বাস্তবায়নের ফলে কৃষক ও বীজ উৎপাদনকারি বিভিন্ন প্রতিষ্ঠান পুরাতন নিম্নউৎপাদনশীল জাতের পরিবর্তে আধুনিক উচ্চ ফলনশীল জাত চাষে উদ্বুদ্ধ হয়েছে। ফলে ভাল জাতের বীজ উৎপাদনের মাধ্যমে বীজ ব্যবসায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সক্ষম হয়েছে।

১৯.৪ **Sustainability of the project :** এ কর্মসূচির মাধ্যমে দীর্ঘদিন চাষাবাদের ফলে পুরাতন জাতগুলো রোগ পোকামাকড় আক্রমণ প্রবন হয়ে ফলন কমে যাওয়ায় জাত প্রত্যাহার বিষয়টি সকলের দৃষ্টি আকর্ষণ করেছে যা ভবিষ্যতে অজ্ঞতার কারণে কম ফলনশীল ধান চাষ করে ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা কমে গেছে এবং ভাল জাতের ভাল বীজ উৎপাদনে সকলের মধ্যে সচেতনতা বেড়ে গেছে।

১৯.৫ **Contribution to poverty alleviation/ reduction :** এ কর্মসূচির মাধ্যমে সচেতন কৃষক সাম্প্রতিক পুষ্টিগুন সমৃদ্ধ আবহাওয়া উপযোগী উচ্চ ফলনশীল ধান জাতের বীজ উৎপাদনে আগ্রহী হয়েছে। ফলে এসব ভাল বীজ নিজে ব্যবহারের পাশাপাশি বাজারে বিক্রি করে লাভবান হচ্ছেন যা দারিদ্রতা বিমোচনে অনেকাংশে সহায়তা করবে বলে আশা করা যায়।

১৯.৬ জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, ধর্মীয় নেতা ও নারী প্রতিনিধির মতামত: প্রযোজ্য নয়।

২০. কর্মসূচি বাস্তবায়নকালে সমস্যা :


১। স্বল্প জীবনকাল ও দীর্ঘ জীবনকালসম্পন্ন জাতগুলো একসাথে ট্রায়াল করায় (Synchronization) বা সুসামঞ্জস্য না থাকায় ব্যবস্থাপনা ও মূল্যায়নে ভ্রান্ত সংগ্রহের ক্ষেত্রে কিছুটা সমস্যার সৃষ্টি হয়।

০

কর্মসূচি পরিচালকের মতামত ও পরামর্শ (Remarks & Recommendations of the programme Director):

বর্তমান বীজ আইন, ২০১৮ এর ১৩নং ধারার ২ উপধারার (খ) অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সির একটি অন্যতম কাজ হলো, 'নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হইবার কারণে কোন জাতের ছাড়করণ বা নিবন্ধন প্রত্যাহারের জন্য জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান।' কর্মসূচিটির মাধ্যমে এ কাজটির শূভসূচনা হল। নোটিফাইড ৭টি ফসলের ক্ষেত্রে নিম্ন ফলনশীল ও পোকামাকড় সংবেদী জাতসমূহের প্রত্যাহারের কাজটি অব্যাহত রাখা আবশ্যিক এবং সে লক্ষ্যে এ ধরনের নতুন কর্মসূচি চলমান থাকা জরুরী। প্রয়োজনে দীর্ঘমেয়াদী প্রকল্প গ্রহণ করা যেতে পারে। জাত পরীক্ষার জন্য আবাদকারী কৃষককে আগ্রহী করার জন্য যৌক্তিক ক্ষতিপূরণের (প্রযোজ্য ক্ষেত্রে) সংস্থান রাখা যেতে পারে। প্রয়োজনে সরকারী/গবেষণা প্রতিষ্ঠানের খামারে এসব ট্রায়ালের ব্যবস্থা করা যেতে পারে। এ কর্মসূচির মাধ্যমে ডিহিউমিডিফাইড কন্ডিশনড রুম নির্মাণ করা হয়েছে সেটি চালু রাখার জন্য নিরঙ্কিষ্ট বিদ্যুৎ সরবরাহ প্রয়োজন। সেজন্য একটি জেনারেটর এবং প্রয়োজনীয় জ্বালানীর ব্যবস্থা করা আশু প্রয়োজন। অনুরূপ কার্যক্রম ভবিষ্যতে অব্যাহত রাখলে কৃষকগণ ব্যাপকভাবে উপকৃত হবেন, পাশাপাশি দেশের সামগ্রিক ফসল উৎপাদন বৃদ্ধি পাবে।

Date: ৩০/৬/২০২০


  
৩০/৬/২০২০  
Signature and Seal of the Karmochuchi Director

রওশান আরা বেগম  
কর্মসূচী পরিচালক  
নিম্ন উৎপাদনশীল ধানের জাত  
প্রত্যাহারের জন্য জাত পরীক্ষণ কর্মসূচী  
বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১

Remarks of Department Head :

বর্তমান কর্মসূচির কার্যক্রম সন্তোষজনক। জাতীয় স্বার্থে কর্মসূচির কার্যক্রম আরও সম্প্রসারণ করা প্রয়োজন।

Date: ৩০/৬/২০২০

  
৩০/৬/২০২০  
Signature and Seal  
আবদুর রাজ্জাক  
পরিচালক  
বীজ প্রত্যয়ন এজেন্সি  
গাজীপুর-১৭০১

Remarks of the Officer concerned of the Ministry:

Date:

Signature and Seal